



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
মানব সম্পদ ব্যবস্থাপনা ও সার্চিবিক ইউনিট  
[www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০৫.১১.৬১১.২২-৪৪২

**নিয়োগ বিজ্ঞপ্তি**

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯  
০৬ সেপ্টেম্বর ২০২২

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	কম্পিউটার অপারেটর বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০১টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ।	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শেরপুর, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, খুলনা, ঝিনাইদহ, কুষ্টিয়া এবং বরিশাল জেলা।
২.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০১টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৩.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	০১টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।	
৪.	ক্যাশিয়ার বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	০১টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	
৫.	ল্যাব সহকারী বেতন স্কেল: ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭)	০৫টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার বিষয়ে অন্যান্য ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ।	মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, রাঙ্গামাটি, পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী, নাটোর, দিনাজপুর, গাইবান্ধা, বাগেরহাট, কুষ্টিয়া, ভোলা এবং বরগুনা জেলা।
৬.	অফিস সহায়ক বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৬টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> সাইটের মাধ্যমে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;
- ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধাগণের নাতি-নাতনীর বয়স ১৮-৩০ বছর হতে হবে;
- পরীক্ষার ফি বাবদ সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ক্রমিক ০১ থেকে ০৪নং পদের প্রার্থীদের ১১২(একশত বার) টাকা এবং ক্রমিক ০৫ থেকে ০৬নং পদের প্রার্থীদের ৬২(ষাষটি) টাকা DBBL Mobile Banking/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিত্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে;
- আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং স্থায়ী ঠিকানার স্বাক্ষরিত উপযুক্ত সনদ আপলোড করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান/সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল/মোবাইল নম্বরে এসএমএস/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- কোন কারণ উল্লেখ ছাড়াই এই নিয়োগ বিজ্ঞপ্তি অথবা নির্দিষ্ট কোন পদে নিয়োগ নিয়োগকারী কর্তৃপক্ষ বাতিল করতে পারবে। এছাড়া নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে;
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) প্রযোজ্য ক্ষেত্রে কোটা সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে;
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
- অনলাইন আবেদন করতে কোনো সমস্যা হলে অফিস সময়ের মধ্যে ০২-৫৫০০৭১৮৩-৫ (এক্স-১০৮) নং টেলিফোনে জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
সচিব (উপসচিব)